# 3 Yr. Degree/4 Yr. Honours 3rd Semester Examination, 2024 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG3011 (MAJOR)

11342

(সাহিত্যের ইতিহাস—আধুনিক যুগ)

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) শ্রীরামপুর মিশন প্রেস থেকে প্রথম কোন গ্রন্থটি কবে ছাপা হয়?

(খ) গ্রন্থাকারে প্রকাশিত বাঙালির প্রথম মৌলিক বই কোনটি? সেটি কবে মুদ্রিত হয়?

(গ) 'বামাবোধিনী' পত্রিকাটি প্রথম কবে, কার সম্পাদনায় প্রকাশিত হয়?

(ঘ) রামমোহন রায় 'চারি প্রশ্নের উত্তর' কেন লেখেন?

(ঙ) ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের প্রথম মৌলিক রচনাটির নাম লেখো। সেটি কবে প্রকাশিত হয়?

(চ) বাংলাদেশের নারীদের অবস্থান সম্পর্কে প্যারীচাঁদ মিত্রের লেখা দুটি রচনার নাম লেখো।

(ছ) কালীপ্রসন্ন সিংহ সম্পাদিত দুটি সাময়িকপত্রের নাম লেখো।

(জ) ভূদেব মুখোপাধ্যায় রচিত ইতিহাস বিষয়ক দুটি প্রবন্ধের নাম উল্লেখ করো।

(ঝ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা তুলনামূলক সাহিত্য সমালোচনামূলক দুটি প্রবন্ধের নাম লেখো।

(ঞ) 'পদ্মিনী উপাখ্যান' আখ্যানকাব্যটির কাহিনির মূল উৎস কী?

(ট) 'তিলোত্তমাসম্ভব' কাব্যের কাহিনি মধুসূদন দত্ত কোথা থেকে সংগ্রহ করেন? কাব্যটি কবে গ্রন্থাকারে প্রকাশিত হয়?

(ঠ) 'অলীকবাবু' প্রহসনটির পূর্বনাম কী ছিল? কবে 'অলীকবাবু' নামটি গৃহীত হয়?

(ড) ত্রিপুরা রাজ্যের ইতিহাস নিয়ে রবীন্দ্রনাথ ঠাকুর কোন উপন্যাস রচনা করেন? রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা শেষ উপন্যাসটির নাম কী?

(ঢ) 'পথের পাঁচালী' উপন্যাসের ক-টি পর্ব আছে? পর্বগুলির নাম লেখো।

(ণ) মানিক বন্দোপাধ্যায়ের 'দিবা-রাত্রির কাব্য' উপন্যাসের ক-টি ভাগ ও কী কী?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) বাংলা গদ্যচর্চায় শ্রীরামপুর মিশনের অবদান আলোচনা করো।

(খ) বাংলা প্রবন্ধসাহিত্যে ভূদেব মুখোপাধ্যায়ের স্থান নিরূপণ করো।

(গ) 'তত্ত্ববোধিনী' পত্রিকাটির গুরুত্ব আলোচনা করো।

(ঘ) কবি ঈশ্বরচন্দ্র গুপ্তের কাব্যবৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) বাংলা প্রহসন রচনায় মধুসূদন দত্তের কৃতিত্ব আলোচনা করো।

(চ) বাংলা উপন্যাস রচনায় তারকনাথ গঙ্গোপাধ্যায়ের স্বাতন্ত্র্যের পরিচয় দাও।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) মৃত্যুঞ্জয় বিদ্যালংকার থেকে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর পর্যন্ত বাংলা গদ্যের বিবর্তন-ধারার পরিচয় দাও।

(খ) বিহারীলাল চক্রবর্তী বাংলা কাব্যে 'নতুন সুরের প্রবর্ত্তক'—একথা বলার কারণ ব্যাখ্যা করো।

(গ) বাংলা পৌরাণিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের দক্ষতার পরিচয় দাও।

(ঘ) ঐতিহাসিক রোমান্স রচনায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সাফল্য অথবা ব্যর্থতার পরিচয় দাও।

———